Amit Kundu
06/11/19

# ST. LAWRENCE HIGH SCHOOL

FOR GOD AND COUNTRY

## Test Examination (Model Answer)

**Sub:** BENGALI **Class:** XA,B,C,D **F. M.** 90

**Duration:** 3 HOURS 15 MINUTES **Date:** 05.11.2019

### বিভাগ - ক

১। সঠিক উত্তরটি নির্বাচন করো ঃ- (১x১৭=১৭)

১.১ তপনের ছোটো মাসি তপনের থেকে কত বছরের বড়ো ছিলেন?

(গ) আট বছর

১.২ একবার দয়ালবাবুর লিচু বাগানের ভিতরে হরিদা কি সেজে দাঁড়িয়েছিলেন?

(গ) পুলিশ সেজে

১.৩ পুলিশ স্টেশনের সম্মুখের হলঘরে কতজন বাঙালি বসেছিল?

(গ) জন-ছয়েক

১.৪ অমৃত-এর মা ইসারের বাবাকে কি বলে ডাকতেন?

(ঘ) হাসান ভাই

১.৫ ক-টার প্যাসেঞ্জার ট্রেনকে নদের চাঁদ রওনা করিয়ে দিয়েছিল?

(খ) চারটে পঁয়ত্রিশ

১.৬ 'তারপর যুদ্ধ এল রক্তের এক ....' — কিসের মতো?

(ক) আগ্নেয়পাহাড়ের মতো

১.৭ 'পায়ে পায়ে হিমানীর বাঁধ।' — 'হিমানী' শব্দের আক্ষরিক অর্থ —

(ঘ) পর্বত

১.৮ আফ্রিকা বিদ্রূপ করেছিল —

(গ) ভীষণকে

১.৯ 'মাঞ্জস' কোথায় ছিল?

(ক) সিন্ধুতীরে

১.১০ কবিতায় 'শকুন' বা 'চিল' বলতে বোঝানো হয়েছে —

(ক) সুযোগসন্ধানী মানুষকে

১.১১ কলকাতা বিশ্ববিদ্যালয় পরিভাষা সমিতি নিযুক্ত হয়েছিল —

(ক) ১৯৩৬ সালে

১.১২ ধাতুবিভক্তির আর এক নাম হল —

(ঘ) ক্রিয়া বিভক্তি

১.১৩ আসক্তির আর এক নাম —

(ক) নৈকট্য

১.১৪ 'অস্ত্যর্থক' বা 'ইতিবাচক বাক্য' যে বাক্যের একটি প্রকার, তা হল —

(ক) নির্দেশক বাক্য

১.১৫ 'বাঁশি বাজে' — এটি কোন্ বাচ্যের দৃষ্টান্ত?

(ক) কর্মকর্তৃ বাচ্য

১.১৬ 'গিন্নিমা' পদটির যথার্থ ব্যাসবাক্যটি হল —

(ঘ) যিনি গিন্নি তিনিই মা

১.১৭ সে এখনই যেতে অপারগ - বাক্যটি হল —

(গ) ইতিবাচক বাক্য

২। **অনধিক ২০টি শব্দে প্রশ্নগুলির উত্তর দাও ঃ-** **(১x১৯=১৯)**

২.১ **যে কোনো ৪টি প্রশ্নের উত্তর দাও ঃ-** **(১x৪=৪)**

২.১.১ 'পৃথিবীতে এমন অলৌকিক ঘটনাও ঘটে?' — এখানে কোন্ ঘটনাকে অলৌকিক ঘটনা বলা হয়েছে?

উত্তর ঃ তপনের লেখা গল্প পত্রিকায় ছাপা হওয়ার ঘটনা।

২.১.২ 'হঠাৎ অমৃতের মাথায় একটা বুদ্ধি খেলে গেল,' — বুদ্ধিটি কি ছিল?

উত্তর ঃ অমৃত আর ইসাবের জামা পরস্পর বদল করার ব্যাপারটা।

২.১.৩ 'চমকে উঠলেন জগদীশবাবু।' জগদীশবাবুর চমকে ওঠার কারণ কি?

উত্তর ঃ বারান্দার সিঁড়িতে তিনি দেখেন আদুড় গা, পরণে ছোট থান ও গলায় উত্তরীয় (সাদা) পড়ে এক ব্যক্তি দাঁড়িয়ে আছেন।

২.১.৪ 'বাবুটির স্বাস্থ্য গেছে, কিন্তু শখ যোল আনাই বজায় আছে,' — কোন্ প্রসঙ্গে বক্তা এমন উক্তি করেছেন?

উত্তর ঃ পুলিশ স্টেশনে একটি লোক কাশতে কাশতে এল, গায়ের রঙ তামাটে, বয়স ত্রিশ-বত্রিশের বেশি নয়, তার বেশভূষার বাহার ও পরিপাট্য প্রসঙ্গে বক্তা এমন উক্তি করেন।

২.১.৫ 'চোখের পলকে কোথায় যে অদৃশ্য হয়ে গেল চিঠিখানা।' কোন্ চিঠির কথা বলা হয়েছে?

উত্তর ঃ নদের চাঁদের স্ত্রীকে লেখা চিঠির কথা এখানে বলা হয়েছে।

২.২ **যে কোনো ৪টি প্রশ্নের উত্তর দাও ঃ-** **(১x৪=৪)**

২.২.১ 'সখী সবে আজ্ঞা দিল' — সখীদের পদ্মা কি আজ্ঞা দিয়েছিল?

উত্তর ঃ অচেতন পঞ্চকন্যাদের উদ্যানের মাঝে চিকিৎসার জন্য নিয়ে যাওয়ার আজ্ঞা দিলেন।

২.২.২ 'গানের বর্ম আজ পরেছি গায়ে' - বলার কারণ কি?

উত্তর ঃ গানকে বর্ম হিসাবে ব্যবহার করে অস্ত্রকে আটকাবার কথা বলা হয়েছে।

২.২.৩ 'ওই ভাঙা-গড়া খেলা যে তার' — ভাঙা-গড়া খেলা বলতে কি বোঝ?

উত্তর ঃ প্রলয়ের ফলে সৃষ্টি ধ্বংস হয়ে আবার নতুন সৃষ্টি সম্ভব হবে।

২.২.৪ প্রমীলার থেকে বিদায়কালে ইন্দ্রজিৎ তাঁকে কি কি উপমায় অলংকৃত করেন?

উত্তর ঃ কল্যাণী, বিধুমুখী প্রভৃতি উপমা।

২.২.৫ 'হায় ছায়াবৃতা', আফ্রিকাকে 'ছায়াবৃতা' বলার কারণ কি?

উত্তর ঃ গহন অরণ্যসংকুল বলে আফ্রিকাকে 'ছায়াবৃতা' বলা হয়েছে।

**২.৩ যে কোনো ৩টি প্রশ্নের উত্তর দাও ঃ-** **(১x৩=৩)**

২.৩.১ ফাউন্টেন পেনের আবিষ্কারক কে?

উত্তর ঃ লুইস অ্যাডসন ওয়াটারম্যান।

২.৩.২ কালি তৈরি সম্পর্কে প্রাচীনদের বলা ছড়াটি উল্লেখ করো।

উত্তর ঃ তিল ত্রিফলা সিমুল ছাল / ছাগ দুগ্ধে করি মেলা / লৌহপাত্রে লোহায় ঘসি / ছিঁড়েপত্র না ছাড়ে মসি।

২.৩.৩ কলিকাতা বিশ্ববিদ্যালয়ের পরিভাষা সমিতিতে কারা ছিলেন?

উত্তর ঃ বিজ্ঞানের অধ্যাপক, ভাষাতজ্ঞ, সংস্কৃতজ্ঞ পণ্ডিত এবং কয়েকজন লেখক।

২.৩.৪ ব্যঞ্জনা কি?

উত্তর ঃ আভিধানিক অর্থের অতিরিক্ত কিছু, যা বাচ্যার্থকে ছাড়িয়ে যায়।

**২.৪ যে কোনো ৮টি প্রশ্নের উত্তর দাও ঃ-** **(১x৮=৮)**

২.৪.১ শব্দ বিভক্তি কাকে বলে? উদাহরণ দাও।

উত্তর ঃ শব্দের সঙ্গে যা যুক্ত হয়ে বসে। যেমন ঃ আকাশে — আকাশ + এ (বিভক্তি)।

২.৪.২ সমধাতুজ কর্তা কাকে বলে? উদাহরণ দাও।

উত্তর ঃ একই ধাতু থেকে ব্যবহৃত কর্তা। যেমন ঃ কত বক্তৃতা হচ্ছে দিন রাত।

২.৪.৩ অকারক পদ বলতে কি বোঝ? উদাহরণ দাও।

উত্তর ঃ ক্রিয়ার সঙ্গে বাক্যের অন্যান্য পদের সম্পর্ক না থাকলে তা কারক নয়, অকারক পদ। যেমন ঃ রামের ভাই।

২.৪.৪ একটি আসক্তিহীন বাক্যের উদাহরণ দাও।

উত্তর ঃ গোরুর কালো দুধ সুমিষ্ট হয়।

২.৪.৫ সেই নগরের নাম আমরা আলিনগর রাখি। - রেখাঙ্কিত পদটির কারক ও বিভক্তি নির্ণয় করো।

উত্তর ঃ অধিকরণ কারক-'এর' বিভক্তি / সম্বন্ধপদ-'এর' বিভক্তি।

২.৪.৬ রাজা সিংহাসনে বসে আছেন। - রেখাঙ্কিত পদটির ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় করো।

উত্তর ঃ সিংহ চিহ্নিত আসন — মধ্যপদলোপী কর্মধারয়।

২.৪.৭ চলন্ত গাড়িতে উঠতে যেও না। (জটিল বাক্যে রূপান্তর করো)

উত্তর ঃ যে গাড়ি চলছে তাতে উঠতে যেওনা।

২.৪.৮ সন্ধ্যায় পাখিরা বাসায় ফেরে। (যৌগিক বাক্যে রূপান্তর করো)

উত্তর ঃ সন্ধ্যা হয় এবং পাখিরা বাসায় ফেরে।

২.৪.৯ রবীন্দ্রনাথের নাম সকলেই জানে। (প্রশ্নবাচক বাক্যে)

উত্তর ঃ রবীন্দ্রনাথের নাম কে না জানে?

২.৪.১০ বাংলার মুখ আমি দেখিয়াছি। (কর্ম বাচ্যে রূপান্তর করো)

উত্তর ঃ আমার দ্বারা বাংলার মুখ দেখা হইয়াছে।

৩। **প্রসঙ্গ নির্দেশ করে কমবেশি ৬০ শব্দে উত্তর দাও ঃ-** **(৩+৩=৬)**

৩.১ **যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও ঃ-** **(৩x১=৩)**

৩.১.১ 'কিন্তু আমাকে বাঁচানোর জন্য তো আমার মা আছে।' কার উক্তি? উক্তিটির মধ্য দিয়ে বক্তার চরিত্রের কোন্ দিকটি প্রকাশিত হয়েছে?

উত্তর ঃ অমৃতের। বন্ধুর প্রতি ভালোবাসা।

৩.১.২ 'কিছুক্ষণ নদীকে না দেখিলে সে বাঁচিবে না।' - কার না বাঁচার কথা বলা হয়েছে? নদীকে না দেখলে সে বাঁচবে না কেন?

উত্তর ঃ নদের চাঁদের। ছেলেবেলা থেকেই নদীর প্রতি তার প্রবল আসক্তি থেকে এই সম্ভাবনার কথা বলা হয়েছে।

৩.২ **যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও ঃ-** **(৩x১=৩)**

৩.২.১ 'অস্ত্র রাখো গানের দুটি পায়ে' — অস্ত্র কিসের প্রতীক? কবি অস্ত্র রাখতে বলেছেন কেন?

উত্তর ঃ যুদ্ধ, লড়াই-এর প্রতীক। অস্ত্রের মাধ্যমে শান্তি বিরাজ করে না তাই।

৩.২.২ 'কৃপা কর নিরঞ্জন' - বক্তা কে? বক্তার এই প্রার্থনার কারণ বুঝিয়ে দাও।

উত্তর ঃ সমুদ্রকন্যা পদ্মা। পদ্মা চান পঞ্চকন্যা জীবন ফিরে পাক। পদ্মা এখানে পঞ্চকন্যার প্রতি দরদী মন, সহানুভূতির প্রতীক।

## বিভাগ — খ

৪। **কমবেশি ১৫০ শব্দে যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও ঃ-** **(৫x১=৫)**

৪.১ 'অদল বদল' গল্পে অতি সাধারণ একটি কাহিনীর আশ্রয়ে লেখক যে সাম্প্রদায়িক সম্প্রীতির প্রতি আমাদের দৃষ্টি আকর্ষণ করাতে চেয়েছেন তা বুঝিয়ে দাও।

- 'অদল বদল' গল্পে দুটি হিন্দু-মুসলিম পরিবারের মধ্যে সুন্দর সম্পর্ক তুলে ধরা হয়েছে।

- অমৃত ও ইসাবের বন্ধুত্বের মধ্য দিয়ে সাম্প্রদায়িক সম্প্রীতির এক দৃষ্টান্ত স্থাপিত হয়েছে উভয়ের জামা অদল-বদলের মধ্য দিয়ে।

৪.২ 'জ্ঞানচক্ষু' গল্পটির নামকরণের সার্থকতা বিচার করো।

- 'জ্ঞানচক্ষু' গল্পে নামকরণের প্রাসঙ্গিকতা আলোচনা করে বিষয়ভিত্তিক বিশ্লেষণের মধ্য দিয়ে এই গল্পের ব্যঞ্জনাধর্মী নামকরণের সার্থকতা বিচার করতে হবে।

**৫। কমবেশি ১৫০ শব্দে যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও ঃ- (৫x১=৫)**

৫.১ 'ঘুচাব ও অপবাদ, বধি রিপুকুলে' — 'ও অপবাদ' বলতে বক্তা কোন্ অপবাদের কথা বলেছেন? সেই অপবাদ ঘোচাতে বক্তা কি করেছিলেন?

- 'ও অপবাদ' বলতে রামচন্দ্রের সঙ্গে ইন্দ্রজিতের যে যুদ্ধ হয়েছিল তা যে মায়াযুদ্ধ ছিল সেই অপবাদ।
- সেই অপবাদ ঘোচাতে ইন্দ্রজিত পুনরায় রামচন্দ্রের সঙ্গে যুদ্ধে অবতীর্ণ হতে চেয়েছিলেন।

৫.২ 'অস্ত্রের বিরুদ্ধে গান' কবিতাটির মর্মার্থ নিজের ভাষায় লেখো।

- 'অস্ত্রের বিরুদ্ধে গান' কবিতায় কবির বক্তব্য বেশ সুস্পষ্ট, কারণ অস্ত্র ও যুদ্ধের মধ্য দিয়ে পৃথিবীতে কোথাও কখনও শান্তি আসেনি। তাই গানকেই অস্ত্রের বিরুদ্ধে হাতিয়ার করে কবি সকলকে এই বার্তাই দিতে চেয়েছেন অস্ত্র দিয়ে নয়, মানবতাকে রক্ষা করা যাবে গান-এর মাধ্যমে, মানুষের মনের হিংসা, দ্বেষ দূর করে।

**৬। কমবেশি ১৫০ শব্দে যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও ঃ- (৫x১=৫)**

৬.১ 'আমরা, কালিও তৈরী করতাম নিজেরাই।' কিভাবে লেখকরা কালি তৈরী করতেন সে সম্পর্কে আলোকপাত করো।

- 'হারিয়ে যাওয়া কালি ও কলম' প্রবন্ধে দেশীয় পদ্ধতিতে যেভাবে লেখকরা বাড়িতেই কালি তৈরি করতেন সেই বর্ণনা এই অংশে করতে হবে।

৬.২ 'বাংলা ভাষায় বিজ্ঞান চর্চায় এখনও নানারকম বাধা আছে।' এই বাধা দূর করতে লেখক কি কি পরামর্শ দিয়েছেন তা আলোচনা করো।

- 'বাংলা ভাষায় বিজ্ঞান' প্রবন্ধে লেখক জানিয়েছেন বাংলায় বিজ্ঞান চর্চায় যেসব বাধা রয়েছে সেক্ষেত্রে উপযুক্ত পরিভাষা তৈরির প্রয়োজনের কথা লেখক আলোচনা করেছেন। সেই সূত্রে পরিভাষা কমিটি তৈরি করা হয় কলকাতা বিশ্ববিদ্যালয়ের অধীনে।

**৭। কমবেশি ১৫০ শব্দে যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও ঃ-** **(৪x১=৪)**

৭.১ 'সিরাজদ্দৌলা' নাট্যাংশ অবলম্বনে সিরাজের চরিত্রটি বিশ্লেষণ করো।

- 'সিরাজদ্দৌলা' নাট্যাংশে সিরাজ যেভাবে লর্ড ক্লাইভের ষড়যন্ত্রের বিষয়টি গোপন সূত্রে জেনে গিয়েছিলেন এবং রাজসভায় মীরজাফরসহ অন্যদের যেভাবে তিনি প্রশ্নের মুখে ফেলেন, এই নাট্যাংশে বিষয়ের এই বৈচিত্র্য সিরাজ চরিত্রকে মহিমান্বিত ও মানবিক, দেশপ্রেমিক করে তুলেছে।

৭.২ আপনাদের কাছে এই ভিক্ষা যে, আমাকে শুধু এই আশ্বাস দিন।' - কার কাছে বক্তা কি ভিক্ষা চান? তিনি কি আশ্বাস প্রত্যাশা করেন?

- সিরাজ রাজসভার সভাসদদের কাছে এই ভিক্ষা চান।
- তিনি সকলের কাছ থেকে পূর্ণ সহযোগিতার আশ্বাস চান।

**৮। কমবেশি ১৫০ শব্দে যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও ঃ-** **(৫x২=১০)**

৮.১ 'কোণি' উপন্যাসে দারিদ্র্য ও বঞ্চনার বিরুদ্ধে কোণির যে লড়াই তা সংক্ষেপে লেখো।

- 'কোণি' উপন্যাসে কোণির দারিদ্রপীড়িত জীবনযাপনের প্রসঙ্গ আলোচনা করতে হবে।

৮.২ 'তোর আসল লজ্জা জলে, আসল গর্বও জলে।' কোণির কোন্ কথার প্রেক্ষিতে একথা বলা হয়েছে? এই কথাগুলির গুরুত্ব কোণির জীবনে কতখানি তা আলোচনা করো।

- কোণি সাঁতার প্র্যাকটিসে নিজের ক্লান্তির প্রসঙ্গ উল্লেখ করলে ক্ষিতিশ একথা বলেন।
- ক্ষিতিশ কোণির মধ্যে যে ভবিষ্যত চ্যাম্পিয়ন সাঁতারুর গুণগুলো দেখতে পান সেই সূত্রে তিনি কোণিকে অনুপ্রাণিত করেন।

**৯। চলিত গদ্যে অনুবাদ করো ঃ-** **(৪)**

Honesty is a great virtue. If you do not deceive others, if you do not tell a lie, if you are strictly just a fair in your dealings with others, you are an honest man. honesty is the best policy. No one can prosper in life if he is not honest.

- সততা হল একটি মহৎ পুণ্য বা গুণ। যদি তুমি মিথ্যা কথা না বল, যদি তুমি তোমার আচরণ ও ব্যবহারে কঠোরভাবে অন্যের কাছে স্বচ্ছ বা পরিষ্কার থাক, তবে তুমি একজন সৎ মানুষ। সততাই হল শ্রেষ্ঠ নীতি। কেউই জীবনে উন্নতি করতে পারে না, যদি না সে সৎ মানুষ হয়।

**১০। কমবেশি ১৫০ শব্দে যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও ঃ-** **(৫x১=৫)**

১০.১ প্লাস্টিক ব্যবহারের নিষেধাজ্ঞা বিষয়ে দুই বন্ধুর মধ্যে কাল্পনিক সংলাপ আলোচনা করো।

- দুটি কাল্পনিক চরিত্রের মাধ্যমে নির্দিষ্ট বিষয়ে সংলাপ রচনা করতে হবে।
- ছোট ছোট সংলাপে বিষয়ের যথাযথ মূল্যায়ণ করতে হবে।

১০.২ জলাজমি বুজিয়ে সবুজ ধ্বংস করে আবাসন গড়ার বিষয়ে সংবাদপত্রে একটি প্রতিবেদন রচনা করো।

- প্রতিবেদনের নিয়ম মেনে বিষয়ের অবতারণা করতে হবে।

১১। **কমবেশি ৪০০ শব্দে যে কোনো একটি প্রবন্ধ রচনা করো ঃ-** (১০x১=১০)

- প্রতিটি প্রবন্ধের ক্ষেত্রে ভূমিকা ও উপসংহারসহ বিষয়ের আলোচনা করতে হবে।
- অনুচ্ছেদ বিভাজন থাকবে।
- প্রয়োজনে উদ্ধৃতির যথাযথ ব্যবহার করা যাবে।

***************